গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-২৯.২১৩.০১১.০০.০০.১১৫.২০১০(অংশ)- ৪৮৬ তারিখ ঃ ২৩ ডিসেম্বর ২০১৪

# অফিস আদেশ
## (নিয়োগ পত্র)

পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের রাজস্ব খাতভুক্ত ৩য় শ্রেণীর "সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর" পদে মন্ত্রণালয়ের বিভাগীয় নির্বাচন কমিটির সুপারিশ এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিম্নবর্ণিত প্রার্থী-কে তাঁর নামের পার্শ্বে বর্ণিত পদ ও বেতন স্কেলে নিম্নোক্ত শর্তসাপেক্ষে স্থায়ী পদে শূন্য পদের বিপরীতে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলোঃ

| ক্রঃ নং | রোল নম্বর | নাম, পিতা ও মাতার নাম | নিজ জেলা | পদের নাম | বেতন স্কেল |
|---|---|---|---|---|---|
| ১। | ২১৬ | নাম ঃ আবদুল্লাহ আল মামুন<br>পিতা-নূর মোহাম্মদ | চাঁদপুর | "সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর" | ৫৫০০-৩৪৫ x ৭-৭৯১৫-ইবি- ৩৮০ x ১১-১২০৯৫/- |

নিয়োগের শর্তাবলী ঃ

(১) যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে।

(২) নিয়োগপ্রাপ্ত ব্যক্তি যোগদানের তারিখ হতে ০২(দুই) বৎসরের জন্য শিক্ষানবিস হিসেবে কর্মরত থাকবেন। শিক্ষানবিস থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তার আচরণ ও কর্ম সন্তোষজনক নয় তবে নিয়োগকারী কর্তৃপক্ষ তার চাকুরীর অবসান ঘটাতে পারবেন।

(৩) নিয়োগপ্রাপ্ত ব্যক্তির পূর্বকার্যকলাপ সম্পর্কে পুলিশী তদন্ত প্রতিবেদন না পাওয়া পর্যন্ত এ নিয়োগ সাময়িক বলে বিবেচিত হবে। পুলিশী তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হলে এবং নিয়োগপ্রাপ্ত প্রার্থীর স্থায়ী ঠিকানা সম্পর্কে ভবিষ্যতে কোন প্রকার অসামঞ্জস্যতা প্রমাণিত হলে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

(৪) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে নিজ ব্যবস্থাপনায় ঢাকাস্থ সিভিল সার্জন অথবা বাংলাদেশ সচিবালয় ক্লিনিকের সিভিল সার্জন কর্তৃক শারীরিক যোগ্যতা সম্পর্কে স্বাস্থ্যগত সনদপত্র যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদনে কোন বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করার ক্ষমতা রাখবে।

(৫) যোগদানের সময় এ নিয়োগপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক ফটোকপি দাখিল করতে হবে।

(৬) নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে নিয়োগ সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত বিধি বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে।

(৭) চাকুরীতে যোগদানের জন্য প্রার্থী কোন প্রকার টিএ/ডিএ প্রাপ্য হবেন না।

০২। উপরোক্ত শর্তাবলীর আওতায় চাকুরীতে যোগদানে সম্মত হলে আগামী ১৫-০১-২০১৫ তারিখের মধ্যে যুগ্ম-সচিব (প্রশাসন) পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

২৩/১২/১৪
(মোছাঃ নাজনীন সুলতানা)
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৯৫৪৫০০৮

জনাব আবদুল্লাহ আল মামুন
পিতা-নূর মোহাম্মদ
গ্রাম-চররামপুর, ডাকঘর-রামপুর বাজার
উপজেলা-ফরিদগঞ্জ, জেলা-চাঁদপুর।

চলমান পাতা-২

নং-২৯.২১৩.০১১.০০.০০.১১৫.২০১০(অংশ)- ৪৮৩ তারিখ ঃ ২৩ ডিসেম্বর ২০১৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। পরিচালক, সরকারী আবাসন পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। উপ-মহাপরিদর্শক, স্পেশাল ব্রাঞ্চ, ঢাকা।
০৪। সিভিল সার্জন, সিভিল সার্জনের কার্যালয়, ঢাকা।
০৫। সিভিল সার্জন, বাংলাদেশ সচিবালয় ক্লিনিক, ঢাকা।
০৬। সচিব এর একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
০৮। হিসাব রক্ষণ কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯। যুগ্ম-সচিব(প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১০। উপসচিব(প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। অফিস কপি।

২৩/১২/১৪

(মোছাঃ নাজনীন সুলতানা)
সিনিয়র সহকারী সচিব